গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৪-৩৭৪

তারিখ: ১২ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৬ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ যশোর জেলার সদর উপজেলাধীন বাজেদূর্গাপুর দাখিল মাদ্রাসার জনাব মো: হাসানুজ্জামান, ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট, এর বিরুদ্ধে কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রেরিত শিক্ষক-কর্মচারীদের নতুন এমপিও আবেদন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৭.২ (ক) অনুচ্ছেদ অনুযায়ী গঠিত এমপিও বাছাই ও অনুমোদন কমিটি কর্তৃক মে/২০২৫ মাসের এমপিও যাচাই বাছাইয়ে পরিলক্ষিত হয় যে, যশোর জেলার সদর উপজেলাধীন বাজেদূর্গাপুর দাখিল মাদ্রাসার জনাব মো: হাসানুজ্জামান, ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট, আপনার প্রতিষ্ঠানে ইবতেদায়ী প্রধান, ইবতেদায়ী ক্বারী, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর পদে যথাক্রমে জনাব মো: নাজমুল হাসান, জনাব ছালমা খাতুন এবং জনাব মমিনুর রহমান-কে ভুয়া ও অবৈধভাবে নিয়োগপ্রদান পূর্বক এমপিওভুক্তির নিমিত্তে জুন-২০২৩ এবং মে-২০২৫ মাসে নতুন এমপিওভুক্তির আবেদন করেন।

এমতাবস্থায়, ভুয়া ও অবৈধভাবে নিয়োগপ্রাপ্ত জনাব মো: নাজমুল হাসান, জনাব ছালমা খাতুন এবং জনাব মমিনুর রহমান তার নতুন এমপিও আবেদন প্রেরণ করায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮(২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) ও (ঙ) অনুচ্ছেদ অনুযায়ী আপনার মাসিক বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না এ মর্মে আগামী ১৭/০৬/২০২৫ তারিখের মধ্যে সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬.০৫.২০২৫

মোঃ শরিফুল ইসলাম
সহকারী পরিচালক (অর্থ)
ও
সদস্য সচিব
এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০৮৯৩
adfinance.dme@gmail.com

১। জনাব মো: হাসানুজ্জামান
ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট, বাজেদূর্গাপুর দাখিল মাদ্রাসা, সদর, যশোর।

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, যশোর
৪। সভাপতি, বাজেদূর্গাপুর দাখিল মাদ্রাসা, সদর, যশোর
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

Scanned with CamScanner